



জেলা

সিলেটে ছাত্রলীগের দুই পক্ষের পাল্টাপাল্টি ধাওয়া, মোটরসাইকেলে আগুন

প্রতিনিধি সিলেট

সিলেট জেলার মানচিত্র

সিলেটে ছাত্রলীগের দুই সাধারণ সম্পাদকের অনুসারীদের মধ্যে দফায় দফায় পাল্টাপাল্টি ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ছাত্রলীগের দুই কর্মী আহত হয়েছেন। এ সময় তিনটি মোটরসাইকেলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। সোমবার রাত পৌনে ১০টার দিক থেকে দফায় দফায় সিলেট নগরের হাউজিং স্টেট, রিকাবীবাজার ও দাড়িয়াপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

আহত ব্যক্তির হালনাগাদ হলেন রাজু (২৪) ও রোহানা (২৬)। তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, সিলেট জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাহেল সিরাজের অনুসারী সিলেট সিটি করপোরেশনের ২ নম্বর ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি পিয়াং সোম ও সিলেট মহানগর ছাত্রলীগের অনুসারী নাঈম আহমদের অনুসারী রোহানের মধ্যে বিরোধ চলছিল। এর জের ধরে রাত পৌনে ১০টার দিকে হাউজিং স্টেট এলাকায় একটি প্রাইভেট কার ভাঙচুরের ঘটনা ঘটে। পরে সোমবার রাত ১০টার দিকে রোহানসহ তাঁর পক্ষের নেতা-কর্মীরা সিলেট নগরের দাড়িয়াপাড়া এলাকার দিকে মোটরসাইকেলে করে পিয়াংসহ তাঁর পক্ষের লোকজনের খোঁজ করে যান। এ সময় দাড়িয়াপাড়া এলাকায় অবস্থান করা পিয়াংসহ তাঁর লোকজনকে পেয়ে ধাওয়া করলে দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটে। দুই পক্ষের মধ্যে ইটপাটকেল নিক্ষেপ এবং সংঘর্ষের ঘটনা ঘটে। এতে রোহানের পক্ষের তিনটি মোটরসাইকেল আটকে আগুন ধরিয়ে দেওয়া হয়। এ সময় রোহান ও রাজু নামের ছাত্রলীগের দুই কর্মী আহত হন। পরে স্থানীয় লোকজন এবং তাঁদের পক্ষের লোকজন তাঁদের উদ্ধার করে সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন।

এদিকে আগুন লাগার খবরে সিলেট নগরের দাড়িয়াপাড়া এলাকায় গিয়ে তিনটি মোটরসাইকেলের আগুন নিয়ন্ত্রণে আনেন ফায়ার সার্ভিসের কর্মীরা।

রাত সোয়া ১০টার দিকে ছাত্রলীগ নেতা পিয়াংসহ তাঁর পক্ষের লোকজনের ওপর হামলার ঘটনায় ছাত্রলীগ নেতা নাঈমের অনুসারীদের আড্ডাস্থল নগরের রিকাবীবাজারে গিয়ে ধাওয়ার ঘটনা ঘটে। এ সময় সেখানে অবস্থান করা অন্যরা প্রতিরোধ করলে দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটে। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ সদস্যরা উপস্থিত হলে পরিস্থিতি শান্ত হয়।

এ ব্যাপারে নাঈম আহমদ প্রথম আলোকে বলেন, তিনি ও রাহেল সিরাজ কমিটি পূর্ণাঙ্গ করার জন্য কেন্দ্রীয় নেতাদের সঙ্গে সাক্ষাৎ করতে ঢাকায় অবস্থান করছেন। সিলেটে দুই পক্ষের মধ্যে ঝামেলার বিষয়টি শুনেছেন। দুই পক্ষের জুনিয়রদের মধ্যে বিরোধে এমনটি হয়েছে বলে প্রাথমিকভাবে জানতে পেরেছেন।

রাহেল সিরাজকে ফোন দেওয়া হলে তিনিও একই কথা জানান। তিনি বলেন, বিষয়টি খোঁজ নিচ্ছেন। যাঁদের মধ্যে ঝামেলা, তাঁদের মধ্যে সমাধানের চেষ্টা করা হচ্ছে।

সিলেট কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মঈন উদ্দিন বলেন, দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়ার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেছে। আগুনে দগ্ধ তিনটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে। এ ব্যাপারে কোনো পক্ষ

By using this site, you agree to our Privacy Policy.

অভিযোগ দেয়নি। অভিযোগ পাওয়ার পর পরবর্তী আইনি ব্যবস্থা নেওয়া হবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো
করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো